ইত্তেফাক

তারিখ ... 6.6.83 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 5 ...

056

# শিক্ষা ব্যবস্থাকে নূতনভাবে ঢালিয়া সাজাইতে হইবে
## —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান বলিয়াছেন, শিক্ষা ব্যবস্থাকে নূতনভাবে ঢালিয়া সাজাইতে না পারিলে সকল আয়োজন ব্যর্থ হইয়া যাইবে। জেনারেল এরশাদ ঘোষিত ১৮-দফা কর্মসূচী মধ্যে কোন রাজনৈতিক দ্বন্দ্ব নাই। ইহার দ্বারা কাহারও রাজনৈতিক অধিকার ক্ষুণ্ণ করা হয় নাই।

নরসিংদী হইতে আমাদের সংবাদদাতা জানান, শিক্ষামন্ত্রী গত বৃহস্পতিবার স্থানীয় একটি প্রেক্ষাগৃহে প্রাথমিক শিক্ষক সমিতির এক সেমিনারে প্রধান অতিথির ভাষণ দিতেছিলেন। তিনি প্রাথমিক শিক্ষকদের বলেন, আপনারা অতীতের ন্যায় ভবিষ্যতেও সরকারী কর্মচারীই থাকিবেন। আপনাদের মর্যাদা ক্ষুণ্ণ করা হইবে না। তিনি বলেন, দেশের সর্বত্র শিক্ষার মান সমন্বিত করা না গেলে শিক্ষা ব্যবস্থার সার্বিক উন্নতি সম্ভব নহে।

মন্ত্রী বলেন, প্রস্তাবিত শিক্ষা ব্যবস্থা কাহারও ব্যক্তিগত চিন্তার ফসল নহে। দেশের আপামর জনসাধারণের সম্মিলিত ধ্যানধারণার ভিত্তিতে শিক্ষা ব্যবস্থা গড়িয়া উঠিবে। কিন্তু দেশের বর্তমান শিক্ষা ব্যবস্থা বহাল থাকিলে উন্নতি তো দূরের কথা জাতির পক্ষে টিকিয়া থাকাই সম্ভব হইবে না।